



## পপি- নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি) একটি জাতীয় বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে জাতীয়, আঞ্চলিক এবং সরকারী পর্যায়ে ৪০টির ও বেশী দাতা সংস্থার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। সংস্থাটি বাংলাদেশের ১৯টি জেলার ১১৪টি উপজেলায় দারিদ্র বিমোচনে কাজ করে আর্থ-সামাজিক উন্নয়নে বহুমাত্রিক অবদান রাখছে।

পিকেএসএফ (PKSF) এর অর্থায়নে পরিচালিত সংস্থার (ENRICH/সমৃদ্ধি) কর্মসূচীর আওতায় শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স, বেতন

#### পদের নামঃ প্যারামেডিক

শিক্ষাগত যোগ্যতাঃ প্যারামেডিক ডিপ্লোমা/ মিডওয়াফেরী ডিগ্রী।

বেতনঃ ১৭,০০০/- টাকা, যাতায়াত ভাতা ১,০০০/- ও মোবাইল ভাতা ৪০০/-। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মকালের মেয়াদঃ প্রকল্পভিত্তিক।

কর্মস্থলঃ কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলা।

অভিজ্ঞতাঃ সংশ্লিষ্ট কাজে ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।

বয়সঃ সর্বোচ্চ ৪০ বছার।

#### দায়িত্ব ও কর্তব্যঃ

- স্বাস্থ্য পরিদর্শকদের কার্যক্রম পরিদর্শন
- সময়, যন্ত্রপাতি ব্যবহার ও তথ্যের নির্ভুলতা যাচাই
- গর্ভবতি ও প্রসূতি মায়ীদের চেকআপ
- শিশু, মহিলা ও বয়স্ক ব্যক্তিদের পরিদর্শন
- স্ট্যাটিক ক্লিনিক আয়োজন ও পরিচালনা ও স্যাটেলাইট ক্লিনিক আয়োজন
- স্বাস্থ্য ক্যাম্প আয়োজন ও বিশেষ চক্ষুক্যাম্প আয়োজন ও ছানি অপারেশনে সহায়তা প্রদান
- রোগী রেফার ও ফলোআপ, স্বাস্থ্য কার্ড বিক্রি
- হাতধোয়া কর্মসূচি বাস্তবায়ন, পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন ও ব্লাড গ্রুপিং
- রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ
- সংযোগ স্থাপন এবং সভা ও র্যালীতে অংশগ্রহণ
- তথ্য বিশ্লেষণ ও অভ্যন্তরীণ মনিটরিং প্রতিবেদন প্রস্তুত
- পিকেএসএফ-এ প্রতিবেদন প্রেরণ।

#### অন্যান্য শর্তাবলীঃ

- পল্লীর সাধারণ মানুষের সাথে মিশে ও নির্ধারিত কর্মএলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সময়ে সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন ও এতদসংক্রান্ত দায়িত্বাবলী পালনের মানসিকতা থাকতে হবে।
- কর্মএলাকায় অবস্থান করে এবং নির্ধারিত অফিস সময় মেনে সংশ্লিষ্ট কার্যাবলী সম্পন্ন করতে হবে।

#### \*\*\*আবেদনের নিয়মাবলী\*\*\*

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ (A4 সাইজের সাদা কাগজে) আবেদনপত্র আগামী ২৬/১০/২০১৭ইং তারিখের মধ্যে "উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭" এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: [www.popibd.org](http://www.popibd.org)

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”